



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

তুলা উন্নয়ন বোর্ড

প্রশিক্ষণ শাখা

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.২৯

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭

১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থ বছরে রাজস্ব বাজেটের অর্থায়নে জোন সমূহে ইউনিটওয়ারী মাঠ দিবস/কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরে তুলাচাষ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তুলা চাষীদের দক্ষতা বৃদ্ধির জন্য জোনাল পর্যায়ে ৬০ টি মাঠ দিবস/কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। নিম্নবর্ণিত নীতিমালা অনুযায়ী মাঠ দিবস/কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবেনা।

১। প্রতিটি মাঠ দিবস/কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ অনুষ্ঠানে ৪০ জন করে কৃষক আবশ্যিকভাবে উপস্থি থাকতে হবে। নতুন তুলা চাষী ও মহিলা তুলাচাষীদের অগ্রাধিকার দিতে হবে।

২। ইউনিটের যে সব এলাকায় তুলা চাষ ভালো হয়েছে এবং আগামী মৌসুমে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তুলা চাষ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে সে সকল স্থানে মাঠ দিবসের ব্যবস্থা গ্রহন করতে হবে।

৩। উক্ত মাঠ দিবস/কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ কর্মসূচীতে তুলার বপন সময়; প্রাথমিক পরিচর্যা; তুলার জমিতে সার ব্যবস্থাপনা; তুলার পোকা দমন ব্যবস্থাপনা কৌশল; তুলার জমিতে পানি নিষ্কাশন ও সেচ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়গুলোর মধ্যে হতে বিষয় নির্বাচন করতে হবে।

৪। মাঠ দিবস/ কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ অনুষ্ঠানে যোগদানকারী চাষীর তালিকা সংশ্লিষ্ট জোনে সংরক্ষণ করতে হবে।

৫। মাঠ দিবস অনুষ্ঠানের ব্যানার ও সামগ্রীতে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটের অর্থায়ন উল্লেখ থাকতে হবে। প্রতিটি মাঠ দিবসের ছবি সংরক্ষণ করতে হবে এবং বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে।

৬। মাঠ দিবস অনুষ্ঠানের শেষে তথ্যাদি ও চাষীদের প্রতিক্রিয়াসহ বিস্তারিত প্রতিবেদন নির্বাহী পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

৭। মাঠ দিবস অনুষ্ঠিত হওয়ার পূর্বেই এর সময়সূচী নির্বাহী পরিচালক মহোদয়কে অবহিত করতে হবে।

৮। মাঠের রোলে জোন ও ইউনিটের নাম, চাষীর নাম ও ঠিকানা, জাতীয় পরিচয় পত্রের নম্বর (এন আই ডি) ও মোবাইল নম্বর এবং চাষীর স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

৯। মাঠ দিবস/কৃষক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ শেষ হওয়ার পর কৃষকের স্বাক্ষরসহ মাঠের রোলার কপি সদর দপ্তরে প্রশিক্ষণ শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

১৫-২-২০২১

ড. আলহাজ উদ্দিন আহাম্মেদ  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়  
(সকল )

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.২৯/১(৫)

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭

১৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ২) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা (তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



১৫-২-২০২১

মুহাম্মদ মোফাজ্জল হোসেন

তুলা উন্নয়ন কর্মকর্তা